দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 08 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 8

65

# কালীগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট

পাটগ্রাম, ৫ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক সংকটের কারণে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।

উপজেলার তুষভাণ্ডার ইউনিয়নের কালিকাপুর, ভোটমারী ইউনিয়নের শৌলমারী, চন্দ্রপুর ইউনিয়নের বামার ভাঁতি বিদ্যালয়গুলিতে ৩ জন করে শিক্ষকের স্থলে দীর্ঘদিন যাবৎ ১জন করে শিক্ষক রয়েছেন।

বিদ্যালয় ৩টিতে প্রায় দেড় বছর যাবৎ ১ জন করে শিক্ষক থাকায় ছাত্র ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। ফলে ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।

## ১শ' ৫০ জন চোরাচালানী গ্রেফতার

বাংলাদেশ রাইফেলস এর লালমনিরহাট ২৪ ব্যাটালিয়নের সদস্যরা গত এক বছরে জেলার বিভিন্ন সীমান্ত এলাকা থেকে ১শ' ৫০ জন চোরাচালানীকে গ্রেফতার করে এবং মোট ৫১ লাখ ৮৫ হাজার ৯শ' ৮৩টাকার চোরাচালানি পণ্য উদ্ধার করেছে। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।